ওগো    শেফালিবনের মনের কামনা,
কেন    সুদূর গগনে গগনে
আছ    মিলায়ে পবনে পবনে ।
কেন    কিরণে কিরণে ঝলিয়া
যাও    শিশিরে শিশিরে গলিয়া ।
কেন    চপল আলোতে ছায়াতে
আছ    লুকায়ে আপন মায়াতে ।
তুমি    মুরতি ধরিয়া চকিতে নামো-না,
ওগো    শেফালিবনের মনের কামনা ॥
আজি    মাঠে মাঠে চলো বিহরি,
তৃণ    উঠুক শিহরি শিহরি ।
নামো    তালপল্লববীজনে,
নামো    জলে ছায়াছবিসৃজনে ।
এসো    সৌরভ ভরি আঁচলে,
আঁখি    আঁকিয়া সুনীল কাজলে ।
মম    চোখের সমুখে ক্ষণেক থামো-না,
ওগো    শেফালিবনের মনের কামনা ॥
ওগো    সোনার স্বপন, সাধের সাধনা,
কত    আকুল হাসি ও রোদনে,
রাতে    দিবসে স্বপনে বোধনে,
জ্বালি    জোনাকি প্রদীপমালিকা,
ভরি    নিশীথতিমিরথালিকা,
প্রাতে    কুসুমের সাজি সাজায়ে,
সাঁজে    ঝিল্লি-ঝাঁঝর বাজায়ে,
কত    করেছে তোমার স্তুতি-আরাধনা,
ওগো    সোনার স্বপন, সাধের সাধনা ॥
ওই    বসেছ শুভ্র আসনে
আজি    নিখিলের সম্ভাষণে ।
আহা    শ্বেতচন্দনতিলকে
আজি    তোমারে সাজায়ে দিল কে ।
আহা    বরিল তোমারে কে আজি
তার    দুঃখশয়ন তেয়াজি—
তুমি    ঘুচালে কাহার বিরহকাঁদনা,
ওগো    সোনার স্বপন, সাধের সাধনা ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail